ঝিনাইদহে পরিবার কল্যাণ সেবা সপ্তাহের উদ্বোধন

‘পরিকল্পিত পরিবার নিরাপদ মাতৃত্বের অঙ্গীকার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে পরিবার কল্যাণ সেবা সপ্তাহ।

শনিবার (৬ ডিসেম্বর) সকালে জেলা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ফিতা কেটে ও বেলূন উড়িয়ে সপ্তাহের উব্দোধন করেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ। সেসময় পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপ-পরিচালক মোজাম্মেল করিম, সহকারী পরিচালক ওয়ালিউর রহমান, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মিথিলা ইসলাম, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. মাহবুবা আখতার তাবীয়া, ডা: সাদমান ফাহিম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল কাজল, রিপোটার্স ইউনিটির সভাপতি এম এ কবিরসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা জানান, শনিবার থেকে শুরু হওয়া এই সেবা ও প্রচার সপ্তাহ চলবে ১১ ডিসেম্বর পর্যন্ত। সপ্তাহব্যাপী মা ও শিশুদের সেবা প্রাপ্তি সহজীকরণ এবং সেবার বার্তা প্রত্যন্ত এলাকার মানুষের কাছে পৌঁছে দিতে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হবে।

মেহেরপুর হোটেল বাজারে গিয়াস মিষ্টান্ন ভাণ্ডারের নতুন শাখার উদ্বোধন

মেহেরপুরের ঐতিহ্যবাহী মিষ্টান্ন প্রস্তুতকারক প্রতিষ্ঠান গিয়াস মিষ্টান্ন ভাণ্ডারের হোটেল বাজার শাখা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার দুপুরে ফিতা কেটে ও কেক কেটে শাখার উদ্বোধন করেন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী মরহুম গিয়াস উদ্দিনের সহধর্মিণী হাজী আছিয়া খাতুন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা জামায়াতে ইসলামীর আমির তাজ উদ্দিন খান, পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মনিরুজ্জামান দিপু এবং ব্যবসায়ী নেতা আলমগীর বাদশা শিল্টনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উদ্বোধনের পর কেক কাটা ও প্রতিষ্ঠানের সমৃদ্ধি কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

দীর্ঘদিনের ঐতিহ্য ধরে রাখা এই মিষ্টান্ন ভাণ্ডারের নতুন শাখা চালু হওয়ায় স্থানীয়দের মাঝে আনন্দ ও উৎসাহ পরিলক্ষিত হয়েছে।

দর্শনায় তীরধান দিবস ও লোকসংস্কৃতি বাউল মেলার উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় মরমী সাধক আফতাব শাহ স্মরণে ২৬তম তীরধান দিবস ও ৪ দিনব্যাপী লোকসংস্কৃতি (বাউল মেলা) উদ্বোধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৭টার দিকে আকন্দবাড়িয়া বাউল পরিষদের আয়োজনে এ অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর আগে বিকাল থেকে সন্ধ্যা পর্যন্ত গ্রাম বাংলার ঐতিহ্যবাহী লাঠিখেলা, হাডুডু খেলাসহ আরও কয়েকটি খেলা প্রদর্শন করা হয়। এসব খেলা দেখতে মেলার মাঠে হাজারো নারী-পুরুষ ও শিশু-কিশোরের ভিড় জমে।

উদ্বোধন ও আলোচনা অনুষ্ঠানে দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও বেগমপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আহম্মদ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে

বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা খাঁজা আবুল হাসনাত। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট। আলোচক হিসেবে বক্তব্য রাখেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সমন্বয়ক আলহাজ্ব মো. মশিউর রহমান।

অতিথিরা বলেন, আকন্দবাড়িয়া বাউল পরিষদের এই আয়োজন সত্যিই প্রশংসনীয়। এই অনুষ্ঠান বাংলার ইতিহাস ও ঐতিহ্য ধরে রেখেছে, যা বর্তমান সময়ে খুবই বিরল। প্রতি বছরের মতো এবারও বাউল মেলা ও লোকজ সংগীতের আয়োজন করা হয়েছে, যেখানে রয়েছে বাউল সংগীত, যারি গান, যাত্রাপালা, লাঠিখেলা এবং বিভিন্ন স্টলসহ দেশের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের পরিচয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আয়োজক কমিটির সভাপতি, বিশিষ্ট বাউল শিল্পী ও সিনিয়র সাংবাদিক মনিরুজ্জামান ধীরু।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে ধানবীজ ও সার বিতরণের উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো হাইব্রিড, বোরো উফশী ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদানের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকালে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ের সামনে এসব ধানবীজ ও বিভিন্ন প্রকার সার বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমে বোরো হাইব্রিড ও বোরো উফশী ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করছে জীবননগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

কৃষকদের মাঝে বিনামূল্যে ধানবীজ ও রাসায়নিক সার সহায়তা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল আমীন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সৈয়দজাদী মাহাবুবা মঞ্জুর মওনা, কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জুয়েল শেখ, পল্লী উন্নয়ন কর্মকর্তা জামিল আকতার, সমাজসেবা কর্মকর্তা জাকির হোসেন মোল্লা, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. পারভেল রানা, উপসহকারী কৃষি কর্মকর্তা বীরেন্দ্র, শাহ আলম, দেলোয়ার হোসেন, শিমুল পারভেজসহ কৃষকবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকরা।

উপজেলা কৃষি অফিস সূত্রে জানা যায়, উপজেলার বিভিন্ন এলাকার ৬৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ৫ কেজি বোরো উফশী ধানবীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার বিতরণ করা হয়। এছাড়া ২০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিঘা প্রতি ২ কেজি করে বোরো হাইব্রিড ধানবীজ প্রদান করা হয়।

এসময় কৃষকদের বীজ ও রাসায়নিক সারের যথাযথ ব্যবহারের পরামর্শ দেওয়া হয় এবং বোরো ধান চাষাবাদ ও বালাই ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়।

গাংনীতে অভ্যন্তরীণ আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে চলতি ২০২৫-২৬ অর্থ বছরে আমন মৌসুমে অভ্যন্তরীণ ধান ও চাল সংগ্রহের উদ্বোধন করা হয়েছে।

‎‎সোমবার সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের আয়োজনে খাদ্য গুদাম চত্বরে আমন ধান ও চাউল সংগ্রহের উদ্বোধন করা হয়।

‎‎চলতি মৌসুমে গাংনীতে আমন ধান সংগ্রহের প্রস্তাবিত

লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৪৩ মেট্রিকটন, চালের লক্ষ্যমাত্রা ৩২৬ মেট্রিকটন। ধানের সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে কেজি প্রতি ৩৪ টাকা এবং চাল ৫০ টাকা। এর মধ্যে উপজেলা কৃষি অফিসের আওয়াতাভুক্ত কৃষকদের কাছ থেকে সরাসরি ধান সংগ্রহ করা হবে এবং চুক্তিবদ্ধ চাল কল মালিকদের নিকট থেকে চাউল সংগ্রহ করা হবে।

‎‎এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন, সহকারী কমিশনার (ভূমি) মোঃ নাবিদ হোসেন, উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোছাঃ ইশরাত জাহান,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী (ভারপ্রাপ্ত) মাসুম বিল্লাহ, কারিগরি খাদ্য পরিদর্শক ইকবাল হোসেন, ওসি এলএসডি মোঃ মাহমুদুল হাসান, উপজেলা খাদ্য পরিদর্শক মোহাম্মদ ফাহিম ফয়সাল, উপজেলা চাল কল মালিক সমিতির সভাপতি মোঃ শহিদুল হক সহ উপজেলা বিভিন্ন কৃষক এবং চাল কল মালিকেরা।

দর্শনা রেলবাজারে ধানের শীষের প্রচারণা অফিস উদ্বোধন ও দোয়া মাহফিল

দর্শনা রেলবাজার যুবদল নেতাকর্মীদের উদ্যোগে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর ধানের শীষ প্রতীকের নির্বাচনী প্রচারণা অফিস উদ্বোধন ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে রেলবাজার এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য ও বিএনপির সাবেক সভাপতি হাজী খন্দকার শওকত আলী। উদ্বোধন শেষে দোয়া মাহফিলে অংশ নিয়ে তিনি বলেন, “দেশনেত্রী বেগম খালেদা জিয়া আমাদের দলের অভিভাবক, আমাদের মা। দেশের গণতন্ত্রের জন্য তিনি দীর্ঘদিন নির্যাতন–জুলুম সহ্য করেছেন, তবুও দেশ ছেড়ে যাননি। একাধিকবার জেল খেটেছেন, স্বৈরশাসন তাকে নিশ্চুপ করতে চেয়েছে,

এমনকি চিকিৎসা থেকেও বঞ্চিত হয়েছেন। আমরা সবাই তার দ্রুত আরোগ্যের জন্য আন্তরিকভাবে দোয়া করি। আল্লাহ যেন তাকে সুস্থ করে আমাদের মাঝে ফিরিয়ে দেন।”

উদ্বোধন ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির নবনির্বাচিত সভাপতি তোফাজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, সাবেক ওলামা দল সভাপতি ওমর আলী, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম মিঠু, পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম চঞ্চল, সেলিম মাহফুজ মিলটন, জিয়াউল হক শাহীন, সেলিম মাহমুদ লিটন, নাসির উদ্দিন, কালু মিয়া, হানিফ, জিনারুল, আরিফ, মাসুদ, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মান্নান মাস্টার, যুগ্ম আহ্বায়ক সজীব আহমেদ ও শাকিল খন্দকার, পৌর ছাত্রদল নেতা রানা এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা এবং বিএনপি প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী সাফল্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

দামুড়হুদায় রবি প্রণোদনার বীজ ও সার বিতরণের উদ্বোধন

দামুড়হুদায় ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের উদ্বোধন করা হয়েছে।

রোববার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তারের সভাপতিত্বে উপজেলা কৃষি অফিস চত্বরে ২০২৫-২০২৬ অর্থ বছরের রবি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো উফশী ও বোরো হাইব্রিড ধানের বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার তিথী মিত্র।

কৃষি অফিস সূত্রে জানা গেছে, এবার উপজেলার ২৫০ ক্ষুদ্র ও

শনিবার সকাল ১০টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে সদর উপজেলা গোল্ডকাপ ভলিবল ও কাবাডি প্রতিযোগিতার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, ডিজিটাল ডিভাইস পলিউশনের জন্য আমাদের ইয়াং জেনারেশন অসুস্থ হয়ে যাচ্ছে। তাদের ওখান থেকে ফিরে আনার আমাদের যে বড় প্রচেষ্টা, তারই অংশ আজকের এই আয়োজন। এই আয়োজনের মাধ্যমে আমরা উন্নত বাংলাদেশ গড়ার জন্য যে উন্নত জাতি প্রয়োজন, তা গড়ার একটি পদক্ষেপ।

মাদক ও অনলাইন জুয়া নিয়ে তিনি বলেন, মেহেরপুরে মাদক রোধে যা যা করণীয়, তা জেলা প্রশাসন ও সদর উপজেলা প্রশাসনসহ আমাদের অন্যান্য দপ্তরগুলোকে সঙ্গে নিয়ে আমরা সমন্বিতভাবে কাজ শুরু করব এবং ইতিমধ্যেই কিছু কাজ শুরু করেছি। অনলাইন জুয়ার মতো এত বড় একটি ছোবলে অনেকেই বিপদগ্রস্ত হয়ে গেছে। অনেকেই ঘরবাড়ি হারিয়ে ফেলেছে। যারা এর পেছনে আছে, তাদের আমরা খুঁজে বের করে আইনের আওতায় নিয়ে আসব।

প্রতিযোগিতার সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) খাইরুল ইসলাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মাদকের অন্ধকার গহ্বর থেকে বেরিয়ে আসার সবচেয়ে বড় হাতিয়ার হলো খেলাধুলা। আজকের যুবক যদি স্মার্টফোনের গেমে ডুবে থাকে, তাহলে তার শরীর-মন দুটোই নষ্ট হবে। আমি চাই, মোবাইলের স্ক্রিন নয় খেলার মাঠই হোক তোমাদের আড্ডাখানা। মাদক নয়, ঘাম ঝরানোই হোক তোমাদের নেশা। ভবিষ্যৎ প্রজন্মকে মাদকাসক্ত হতে না দিতে আজকের যুবকদেরই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা শরীরকে সুস্থ রাখে, মনকে প্রফুল্ল রাখে এবং চরিত্র গঠনে সহায়তা করে।

কুচকাওয়াজ, জাতীয় সংগীত, রঙিন বেলুন ও ট্রফি উন্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

এসময় জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-মেম্বারগণ, শিক্ষক, সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় সদর উপজেলার ৭টি ইউনিয়ন ও মেহেরপুর পৌরসভার ১টি মোট ৮টি দল ভলিবল ও কাবাডি দুটি ইভেন্টে অংশগ্রহণ করছে।

মেহেরপুর পৌর বিএনপির উত্তর শাখা কার্যালয় উদ্বোধন

মেহেরপুরে পৌর বিএনপির (উত্তর) নতুন কার্যালয় উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর শহরের পৌর কলেজ সড়কে এই কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিএনপি নেতা আব্দুর রহীম, হাজী ফজলু খান, হাবীব ইকবাল, কামরুজ্জামান বাবু, মিজানুর রহমান মিজা, মফিজুল ইসলাম, শাহ ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা।

মেহেরপুরে জামাতে নামাজ ক্যাম্পেইনের উদ্বোধন

মেহেরপুরের ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের উদ্যোগে মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ৪০ দিনের জামাতের সঙ্গে নামাজ পড়ার ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাতে ঘোষপাড়া জামে মসজিদ প্রাঙ্গণে দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে এ কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার সাবেক কাউন্সিলর মীর জাহাঙ্গীর আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঘোষপাড়া জামে মসজিদের সাধারণ সম্পাদক আসাদুল হক।

এ সময় আরও উপস্থিত ছিলেন ঘোষপাড়া সালাত কায়েম পরিষদের সাবেক সভাপতি শিপন বিশ্বাস, বর্তমান সভাপতি জান্নাত মীর, সেক্রেটারি আরিস বিশ্বাস, ক্যাশিয়ার সোহানুর রহমান সোহান, ধর্ম বিষয়ক সম্পাদক শাফিনুর রহমানসহ পরিষদের অন্যান্য সদস্য ও স্থানীয় মুসল্লিরা।

কর্মসূচির অংশ হিসেবে ঘোষণা করা হয়, নয় বছর থেকে আঠারো বছর বয়সী যে সকল কিশোর জামাতের সাথে পরপর ৪০ দিন পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতে পারবে, তাদেরকে সাইকেল উপহার দেওয়া হবে।

আয়োজকরা জানান, তরুণ প্রজন্মকে মাদক ও অসামাজিক কার্যকলাপ থেকে দূরে রেখে নামাজের প্রতি আকৃষ্ট করাই এ ক্যাম্পেইনের মূল লক্ষ্য। নামাজের মাধ্যমে চরিত্র গঠন ও নৈতিকতা বৃদ্ধি পেলে সমাজ থেকে মাদকসহ নানা অপরাধ কমে আসবে বলে তারা আশা প্রকাশ করেন।

অনুষ্ঠান শেষে দেশ, জাতি, মুসলিম উম্মাহ ও মাদকমুক্ত সুন্দর সমাজ গঠনের উদ্দেশ্যে বিশেষ মোনাজাত করা হয়।